



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ, উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, যশোর বোর্ডের আওতায় উচ্চ মাধ্যমিক পর্যায়ে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি বাতিলের জন্য অনলাইনে আবেদন গ্রহণ করা শিক্ষার্থীকে ভর্তি বাতিলের কারণ উল্লেখ করে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করে সংশ্লিষ্ট কলেজে আবেদন পত্র জমা দিতে হবে। কলেজের অধ্যক্ষ আবেদনের তথ্যাদি যাচাই করে অনলাইনে কলেজ প্যানেল (institute.jessoreboard.gov.bd) থেকে শিক্ষার্থীর ভর্তি বাতিলের আবেদন 'সাবমিট' করবেন। অনলাইনে কলেজ প্যানেল (institute.jessoreboard.gov.bd) থেকে শিক্ষার্থীর আবেদন এবং নিবন্ধন কার্ডের পিডিএফ ফাইল আপলোড করে আবেদন 'সাবমিট' করবেন।

অনলাইনে আবেদন করার নিয়মাবলী:-

- ১। সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ শিক্ষার্থীর আবেদনে বর্ণিত তথ্যাদি যাচাই করে নির্ধারিত ঘরে স্বাক্ষর করবেন।
- ২। নিবন্ধন কার্ড ইতোমধ্যে প্রদান করা হয়ে থাকলে মূল নিবন্ধন কার্ড অবশ্যই জমা নিতে হবে।
- ৩। অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত আবেদন ফরম এবং নিবন্ধন কার্ড (যদি পেয়ে থাকে) আলাদা আলাদা স্ক্যান করে পিডিএফ ফাইল তৈরি করবেন।
- ৪। অনলাইনে কলেজ প্যানেল (institute.jessoreboard.gov.bd) থেকে "Online Admission Cancel" মেনুর Create Application অপশনে প্রবেশ করে প্রয়োজনীয় ঘরসমূহ পূরণ করবেন এবং শিক্ষার্থীর আবেদন এবং নিবন্ধন কার্ডের পিডিএফ ফাইল এবং আপলোড করে আবেদন 'সাবমিট' করবেন।
- ৫। আবেদন সাবমিট করার পর অনলাইনে সোনালী সেবার অটো-জেনারেটেড রসিদ প্রিন্ট করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ভর্তি বাতিল ফি জমা দিলে আবেদনের কাজ সম্পন্ন হবে।
- ৬। "Online Admission Cancele" মেনুর All Application অপশনে প্রতিষ্ঠানের সকল আবেদন এবং তার বর্তমান অবস্থা দেখা যাবে।
- ৭। বোর্ড কর্তৃক আবেদন অনুমোদন করার পর কলেজ প্যানেল থেকে অনুমোদন পত্র প্রিন্ট করে শিক্ষার্থীকে তার কপি দেবেন এবং নথিতে কপি সংরক্ষণ করবেন।
- ৮। প্রতি জুন এবং ডিসেম্বর মাসে ভর্তি বাতিলের অনুমতিপত্র, ও মূল নিবন্ধন কার্ড (যদি ইস্যু হয়ে থাকে) সহ একটি তালিকা বোর্ডে জমা দিতে হবে।
- ৯। যশোর বোর্ডের ওয়েবসাইটের Download মেনু থেকে আবেদন ফরম প্রিন্ট করা যাবে।
- ১০। বোর্ডের অনুমতিপত্র ব্যতীত কোন শিক্ষার্থীর ভর্তি বাতিল করা বা প্রতিষ্ঠান প্রধানের নিকট সংরক্ষিত একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ফেরৎ প্রদান করা যাবে না। সে রকম ঘটলে তার দায়-দায়িত্ব সম্পূর্ণভাবে প্রতিষ্ঠান প্রধানকে নিতে হবে।
- ১১। ভর্তি বাতিলের জন্য আবেদনের কোন হার্ড কপি এ বোর্ডে গ্রহণ করা হবে না।

২৯/০৪/২০১৯

(কে এম রব্বানী)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

ফোন: ০৪২১-৮৬৩৮৬